



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশাসন/নেত্রকোণা-২৪/৩০৮৩/২

তারিখঃ ০২/১০/২০১৮খ্রিঃ


বিষয় : গভার্ণিং বডি'র সভাপতি হিসাবে জনাব মতিউর রহমান এর পদ বাতিলপূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান সংক্রান্ত স্মারকের কার্যকারিতা স্থগিতকরণ এবং সরকার পক্ষে মামলা পরিচালনা প্রসঙ্গে।

সূত্র : রিট পিটিশন নং- ১০৭৯৪/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নেত্রকোণা জেলার দুর্গাপুর উপজেলাধীন মধুয়াকোণা এ, ইউ, আলিম মাদ্রাসার গভার্ণিং বডি'র সভাপতি হিসাবে জনাব মতিউর রহমান এর পদ বাতিলপূর্বক পুনরায় সভাপতি মনোনয়ন প্রদান সংক্রান্ত এ দপ্তরের নং-বামাশিবো/প্রশাসন/নেত্রকোণা-২৪/৩০৮৩/২; তারিখঃ ১২/০৭/২০১৮খ্রিঃ স্মারকের বিরুদ্ধে জনাব মতিউর রহমান মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১০৭৯৪/২০১৮ দায়ের করেন। উক্ত রিট পিটিশনের প্রেক্ষিতে উল্লিখিত স্মারকের কার্যক্রমের উপর মহামান্য হাইকোর্ট কর্তৃক স্থগিত আদেশ প্রদান করা হয়েছে। মহামান্য হাইকোর্টের আদেশ বলবৎ থাকাকালীন উল্লিখিত স্মারকের কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো।

২) রিট মামলাটি বোর্ডের তথা সরকার পক্ষে পরিচালনার জন্য মাদ্রাসার অধ্যক্ষকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, মামলা পরিচালনার কোন ব্যয় ভার বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ বহন করবে না এবং মামলার অগ্রগতির বিষয়ে সময় সময়ে বোর্ডকে অবহিত করতে হবে।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০১.১০.১৮

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮



প্রাপকঃ অধ্যক্ষ, মধুয়াকোণা এ, ইউ, আলিম মাদ্রাসা
দুর্গাপুর, নেত্রকোণা।

নং- বামাশিবো/প্রশা/নেত্রকোণা-২৪/

তারিখঃ /১০/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. জেলা প্রশাসক, নেত্রকোণা।
২. উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
৩. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোণা।
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা।
৫. জনাব মোঃ মতিউর রহমান (রিট পিটিশন নং- ১০৭৯৪/২০১৮ এর বাদী)
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪